

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৪-০৯-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১১-০৯-২০২৩ থেকে ১৩-০৯-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**১১ সেপ্টেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** হাসিয়ারা:৩

**১২ সেপ্টেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** ইংলিশ বাজার:১১; মালদা:১০; মালবাজার:৬; বক্রাদুয়ার:৪; ফালাকাটা:৩; দীঘা:২; কালিম্পাঙ, কলাইকুন্ডা:১

**১৩ সেপ্টেম্বর:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** মালদা, আলিপুর:৪; দমদম:৩

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৪ থেকে ৯২ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭১ থেকে ৯০ শতাংশ।

**শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (১০.০৯.২০২৩ থেকে ১৬.০৯.২০২৩ পর্যন্ত):**

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৪৭	৫৩	হাওড়া	৬৫	৩৫
বীরভূম	৪১	৫৯	মুর্শিদাবাদ	৫০	৫০
বর্ধমান	৩৯	৬১	নদীয়া	৩৯	৬১
হুগলী	৩৪	৬৬	২৪ পরগনা	৪৮	৫২
পুরুলিয়া	৪০	৬০			

**পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :**

**১৪ সেপ্টেম্বর (দিন ১) -**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলার অধিকাংশ জায়গায় আর গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও, আলিপুরদুয়ার, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টা, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন, ধীরে ধীরে তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

**১৫ সেপ্টেম্বর (দিন ২)-**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও, আলিপুরদুয়ার, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

### **১৬ সেপ্টেম্বর (দিন ৩) -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, কালিম্পাও, আলিপুরদুয়ার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

### **সতর্কীকরণ:**

### **১৪ সেপ্টেম্বর (দিন ১) -**

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমী) সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

### **১৫ সেপ্টেম্বর (দিন ২)-**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হবার সম্ভাবনা আছে।

১৬ সেপ্টেম্বর (দিন ৩) -

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১৪-০৯-২০২৩